



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং : ৭জি-১৮১(ক-৩)/২০১০/৬০৭৪/২

তারিখ : ১১/১২/২০২৩খ্রি.

বিষয়: হবিগঞ্জ জেলার বানিয়াচং উপজেলার সুফিয়া মতিন মহিলা কলেজের অধ্যক্ষের বাৎসরিক ইনক্রিমেন্ট সংক্রান্ত।

সূত্র : (১) অধ্যক্ষের আবেদন এর স্মারক নং- সুমমক/২০২৩/১৩৩; তারিখ : ০৯/০২/২০২৩খ্রি.

(২) অঞ্চলিক পরিচালক, সিলেট এর স্মারক নং- ৩৭.০২.০০০০.০০০.৯৯.০০৩.২১-১৪০৮; তারিখ: ০৭/০৬/২০২৩খ্রি.


(৩)সেপ্টেম্বর/২০২৩ মাসের এমপিও কমিটির স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৬৭.২০২২(অংশ-১).৩০৮৩; তারিখ:১২/১০/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার বানিয়াচং উপজেলাধীন সুফিয়া মতিন মহিলা কলেজ এর অধ্যক্ষ মহোদয় মাউশি অধিদপ্তরের মহাপরিচালক বরারব আবেদন করেন। তিনি তার আবেদনে উল্লেখ করেন যে, মোহাম্মদ সুলতান আহমেদ ভূইয়া সুফিয়া মতিন মহিলা কলেজের অধ্যক্ষ পদে ২২/০৪/২০২১খ্রি. তারিখে যোগদান করেন। বিগত ০১/০৭/২০২২খ্রি. তারিখে তিনি ৫ম গ্রেডে এমপিওভুক্তি লাভ করেন। অত্র কলেজে অধ্যক্ষ পদে যোগদানের পর থেকে তিনি বাৎসরিক ৫% হারে ইনক্রিমেন্ট বঞ্চিত হন। উল্লেখ্য যে, সরকারী বিধি মোতাবেক বেসরকারি শিক্ষক কর্মচারীদের জন্য ৫% হারে ইনক্রিমেন্ট দেওয়ার বিধান রয়েছে মর্মে আবেদনে উল্লেখ করেন। অধ্যক্ষের আবেদন পরিচালক মাউশি আঞ্চলিক কার্যালয়, সিলেট এর স্মারক নং- ৩৭.০২.০০০০.০০০.৯৯.০০৩.২১-১৪০৮; তারিখ: ০৭/০৬/২০২৩খ্রি. মোতাবেক অগ্রায়ন করেন।

বর্ণিত বিষয়টি স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৬৭.২০২২(অংশ-১).৩০৮৩; তারিখ:১২/১০/২০২৩খ্রি. মোতাবেক সেপ্টেম্বর/২০২৩ মাসের এমপিও কমিটির সভায় উপস্থাপন করা হয়।

কমিটির সুপারিশ: হবিগঞ্জ জেলার বানিয়াচং উপজেলাধীন সুফিয়া মতিন মহিলা কলেজের অধ্যক্ষ জনাব মোহাম্মদ সুলতান আহমেদ ভূইয়ার বাৎসরিক ইনক্রিমেন্ট-এর বিষয়ে অনলাইনে আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, সেপ্টেম্বর/২০২৩ মাসের এমপিও সভার সিদ্ধান্ত মোতাবেক উপরোল্লিখিত বিষয়ে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


11-12-23

(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email: ncollegc@dshe.gov.bd

অধ্যক্ষ, সুফিয়া মতিন মহিলা কলেজে, বানিয়াচং, হবিগঞ্জ।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট (সার্বিক সহযোগীতার অনুরোধসহ)।

২। সভাপতি, পরিচালনা পরিষদ, সুফিয়া মতিন মহিলা কলেজে, বানিয়াচং, হবিগঞ্জ (সার্বিক সহযোগীতার অনুরোধসহ)।

৩। জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ (প্রতিটি সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানে পৌছানোর অনুরোধসহ)।

৪। জনাব মোহাম্মদ সুলতান আহমেদ ভূইয়ার, অধ্যক্ষ, সুফিয়া মতিন মহিলা কলেজে, বানিয়াচং, হবিগঞ্জ।

৫। সংরক্ষণ নথি।